# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 06 May, 2025

লালমনিরহাটের আদিতমারী উপজেলার সারপুকুর ইউনিয়নে প্রকৃত ঘটনাকে আড়াল করতে আনারুল, আক্তার ও আওয়ামীলীগের দোসর মুকুল সহ কতিপয় মাদক ব্যবসায়ী একটি অসহায় পরিবারকে মাদক ব্যবসায়ী বানিয়ে মিথ্যা অভিযোগ দায়ের করেন। এরই প্রতিবাদে ভুক্তভোগী পরিবার ও এলাকাবাসী মানববন্ধন ও জেলা প্রশাসক বরাবরে স্বারকলিপি প্রদান করেছেন।

মঙ্গলবার (৬ মে) দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে ভুক্তভোগী পরিবার ও এলাকাবাসী প্রতিবাদ জানিয়ে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, লালমনিরহাটের আদিতমারীর সারপুকুর ইউনিয়নের খারুভাজ এলাকার রফিকুল চৌকিদারের জমিতে ছাগল ধান খেলে চৌকিদার রফিকুল ছাগল গুলো ধরে তার বাড়িতে নিয়ে আসেন।বিষয়টি জানতে পেরে ছাগলের মালিক জুয়ারু আনারুল, মাদক ব্যবসায়ী আক্তার ও আওয়ামীলীগের দোসর মুকুল সহ দলবল নিয়ে রফিকুলের বাড়িতে গিয়ে ভয়ভীতি দেখিয়ে ধরে নিয়ে যাওয়া ছাগল গুলো নিয়ে আসেন।পরে রফিকুল বাড়িতে এসে ঘটনাটি জানার পর আদিতমারী থানায় একটি অভিযোগ দায়ের করেন।বিষয়টি ভিন্ন খাতে নিতে এবং প্রকৃত ঘটনা আড়াল করতে প্রকৃত জুয়ারু আনারুল, মাদক ব্যবসায়ী আক্তার ও আ'লীগ নেতা মুকুল নিরহ চৌকিদার রফিকুল ইসলাম ও তার পরিবারের সদস্যদের মাদক

ব্যবসায়ী বানিয়ে থানায় মিথ্যা অভিযোগ দেন।এরপরে তারা লালমনিরহাট জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধনও করে।

বিষয়টি প্রচার হলে এলাকাবাসী স্বোচ্ছার হয় এবং এই অভিযোগের প্রতিবাদ জানায়।এরই অংশ হিসেবে এলাকাবাসী এবং ভুক্তভোগী পরিবার ঘটনার মুল রহস্য ও প্রকৃত ঘটনা উদ্ঘাটন করার দাবীতে মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধন ও জেলা প্রশাসক বরাবরে স্বারকলিপি প্রদান করে।সেই সাথে প্রকৃত ঘটনা তদন্ত করে দায়ী ব্যক্তিদের শাস্তি দাবি জানান।

চৌকিদার রফিকুলের ছেলে রুবেল বলেন, জুয়ারু আনারুল ওই এলাকায় জুয়া খেলার প্রতিবাদ ও মাদক ব্যবসায়ী আক্তারের মাদক ব্যবসার প্রতিবাদ করায় তারা পরিকল্পিতভাবে তার পরিবারের বিরুদ্ধে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে।সেই সাথে তার বাবার চৌকিদারের চাকুরীটি চলে গেলে স্থানীয় আ'লীগ নেতা মুকুল তার কাছের লোককে চৌকিদারের চাকুরী পাইয়ে দেয়ার অপচেষ্টা চালাচ্ছে।

তিনি আরো জানান, আওয়ামিলীগের দোসর মুকুল স্থানীয় লোকজনকে ভুল বুঝিয়ে মুল ঘটনা আড়াল করে তাদের বিরুদ্ধে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে।তিনি এর প্রতিবাদ জানিয়ে ঘটনার তদন্ত করে মুল রহস্য উদ্ঘাটনের দাবি জানান এবং জুয়ারু আনারুল, মাদক ব্যবসায়ী আক্তার ও আওয়ামীলীগের দোসর মুকুলের শাস্তি দাবি করেন।

এ ব্যাপারে আদিতমারী থানার অফিসার ইনচার্জ (ওসি) আলী আকবর জানান, ওই এলাকার দুইটি পাল্টাপাল্টি অভিযোগ পাওয়া গেছে।তদন্ত চলছে,  তদন্ত শেষ হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

আওয়ামীলীগ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:07

URL: https://www.timestodaybd.com/rangpur/2335032024